



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[WWW.MOHFW.GOV.BD](http://WWW.MOHFW.GOV.BD)

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০০৫.১৭-১১৪

তারিখ: ২৩.০৩.২০২০ খ্রি:

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর বর্ষসূচি (HPNSP)র আওতায় "Community Based Health Care" ওপি'র অনুকূলে ২০১৯-২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী "Community Based Health Care" ওপি'র অনুকূলে আরপিএ (জিওবি) খাতে ৩য় কিস্তি বাবদ ৭২৭০.৭৫ লক্ষ (বাহাত্তর কোটি সত্তর লক্ষ পঁচাত্তর হাজার টাকা) টাকা ছাড়করণ সংক্রান্ত।

জনাব,


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সংশোধিত এডিপিতে বরাদ্দপ্রাপ্ত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে "Community Based Health Care" (কোড নং-১২৭০২০১-২২৪০২১০০৬) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-তে বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে ৩য় কিস্তিতে মোট ৭২৭০.৭৫ লক্ষ (বাহাত্তর কোটি সত্তর লক্ষ পঁচাত্তর হাজার) (মূলধন ২৬৭৫.৫০+রাজস্ব ৪৫৯৫.২৫) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হই। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা করা হলো:

শর্তাবলী :

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবে;
- এই ব্যয় ২০১৯-২০ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "Community Based Health Care" শীর্ষক অপারেশনাল প্লানের (কোড নং-১২৭০২০১-২২৪০২১০০৬) ওপি হতে বহন করা হবে;
- এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০শে জুন ২০২০ খ্রি. তারিখের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে; এবং
- ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি বরাদ্দ ২০১৮-১৯ অর্থবছরের ওপির ব্যয়াদেশের সাথে মিল রেখে ওপির সাবকোড বরাদ্দ সংশোধনপূর্বক ওপিতে অন্তর্ভুক্ত করতে হবে।

০২। অর্থ বিভাগের ২০.০৬.২০১৮ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ নম্বর স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬.০৩.২০২০ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.১৬.২০১৭-১৮১ নম্বর স্মারক পত্রের সন্মতিক্রমে এই আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,


  
(এস এম জাহানগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৫৪০

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০০৫.১৭-১১৪/১(৯)

তারিখ: ২৩.০৩.২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ব্যবস্থাপনা পরিচালক ও অতিরিক্ত সচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।।
- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- যুগ্ম প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, মহাখালী, ঢাকা।
- উপ-সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- যুগ্ম সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(এস এম জাহানগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব